



কম্পিউন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

## অটোমোটিভ মেকানিক্স

লেভেল-০১

মডিউল শিরোনামঃ ফুয়েল সিস্টেম সার্ভিস ও প্রতিস্থাপন করণ

(Module: Servicing and Replacing Fuel System)

মডিউল কোড: CBLM-OU-LE-AM-07-L1-V1



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ  
প্রধানমন্ত্রীর কার্যালয়,  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



## কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,

প্রধানমন্ত্রীর কার্যালয়।

১১-১২ তলা, বিনিয়োগ ভবন

ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ইমেইল: [ec@nsda.gov.bd](mailto:ec@nsda.gov.bd)

ওয়েবসাইট: [www.nsga.gov.bd](http://www.nsga.gov.bd)

ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

“ফুয়েল সিস্টেম সার্ভিস ও প্রতিস্থাপন করণ” সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত অটোমোটিভ মেকানিক্স লেভেল-৩ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে অটোমোটিভ মেকানিক্স লেভেল-৩ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অটোমোটিভ মেকানিক্স লেভেল-৩ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।



----- তারিখে অনুষ্ঠিত ----- কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।



## সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি কাজের জন্য প্রস্তুতি নিতে পারবেন, গ্যাসোলিন ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করতে পারবেন, ডিজেল ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করতে পারবেন এছাড়াও টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার করে স্টোরে সংরক্ষণ করতে পারবেন। একজন দক্ষ কারিগরের জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে। শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লিখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শীট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

## সূচিপত্র

কপিরাইট .....	ii
সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা .....	vi
মডিউল কন্টেন্ট .....	১
<b>শিখনফল (Learning Outcome)-১: কাজের জন্য প্রস্তুতি নিতে পারবে.....</b>	<b>২</b>
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : কাজের জন্য প্রস্তুতি নেয়া.....	৩
ইনফরমেশন শিট ১ : কাজের জন্য প্রস্তুতি নেয়া.....	৩
ইনফরমেশন শিট (Information Sheet) ১: কাজের জন্য প্রস্তুতি নেয়া .....	৪
সেলফ চেক (Self-Check)- ১: কাজের জন্য প্রস্তুতি নেয়া .....	১২
উত্তরপত্র (অহংবিৎ করু)-১: কাজের জন্য প্রস্তুতি নেয়া.....	১৩
জব শিট ১.১: হ্যাজার্ড চিহ্নিত করা .....	১৪
স্পেসিফিকেশন শীট ১.১: হ্যাজার্ড চিহ্নিত করা.....	১৫
টাস্ক শিট ১.২: জব স্পেসিফিকেশন টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করা.....	১৬
স্পেসিফিকেশন শীট ১.২: জব স্পেসিফিক টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করা .....	১৮
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -২: গ্যাসোলিন ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করা... ২০	
ইনফরমেশন শিট ২ : গ্যাসোলিন ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করা .....	২০
ইনফরমেশন শিট (Information Sheet) ২: গ্যাসোলিন ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করা.....	২১
সেলফ চেক (Self-Check)- ২: গ্যাসোলিন ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করতে পারবে.....	৩৩
উত্তরপত্র (Answer Key)- ২: গ্যাসোলিন ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করতে পারবে.....	৩৪
জব শিট ২.১: কনভেনশনাল গ্যাসোলিন ইঞ্জিনের ফুয়েল সিস্টেম কম্পোনেন্টগুলি পরীক্ষা করা .....	৩৬
স্পেসিফিকেশন শীট ২.১: কনভেনশনাল গ্যাসোলিন ইঞ্জিনের ফুয়েল সিস্টেম কম্পোনেন্টগুলি পরীক্ষা করা .....	৪২
জব শিট ২.২: কনভেনশনাল গ্যাসোলিন ফুয়েল সিস্টেমের কম্পোনেন্ট সার্ভিস বা প্রতিস্থাপন করা.....	৪৩
স্পেসিফিকেশন শীট ২.২: কনভেনশনাল ফুয়েল সিস্টেমের কম্পোনেন্ট সার্ভিস বা প্রতিস্থাপন করা .....	৪৫
<b>শিখনফল (Learning Outcome)-৩: ডিজেল ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করতে পারবে .....</b>	<b>৪৬</b>
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৩: ডিজেল ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করা.....	৪৭
ইনফরমেশন শিট ৩ : ডিজেল ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করা .....	৪৭
ইনফরমেশন শিট (Information Sheet) ৩: ডিজেল ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করা.....	৪৮
সেলফ চেক (Self-Check)- ৩: ডিজেল ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করতে পারবে.....	৫২
উত্তরপত্র (Answer Key)- ৩: ডিজেল ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করা.....	৫৩
জব শিট ৩.১: কনভেনশনাল ডিজেল ফুয়েল সিস্টেম কম্পোনেন্টগুলি পরীক্ষা করা .....	৫৫
স্পেসিফিকেশন শীট ৩.১: কনভেনশনাল ডিজেল ফুয়েল সিস্টেম কম্পোনেন্টগুলি পরীক্ষা করা.....	৫৭
জব শিট ৩.২: কনভেনশনাল ডিজেল ফুয়েল সিস্টেমের কম্পোনেন্ট সার্ভিস বা প্রতিস্থাপন করা.....	৫৮
স্পেসিফিকেশন শীট ৩.২: কনভেনশনাল ডিজেল ফুয়েল সিস্টেমের কম্পোনেন্ট সার্ভিস বা প্রতিস্থাপন করা .....	৬০
<b>শিখনফল (Learning Outcome)-০৪: টুলস পরিষ্কার করে সংরক্ষণ করতে পারবে.....</b>	<b>৬১</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ০৪: টুলস পরিষ্কার করে স্টোরে সংরক্ষণ করা.....	৬২
প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “টুলস পরিষ্কার করে সংরক্ষণ করা” শেখার উপকরণ প্রদান করবেন .....	৬২
ইনফরমেশন শিট (Information Sheet): ০৪: টুলস পরিষ্কার করে স্টোরে সংরক্ষণ করা.....	৬৩

সেলফ চেক শিট (Self-Check Sheet)-০৪: টুলস পরিষ্কার করে সংরক্ষণ করা.....	৬৮
উত্তর পত্র (Answer Key)- ০৪: টুলস পরিষ্কার করে সংরক্ষণ করা.....	৬৯
জব শিট ৪.১: টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করা.....	৭১
স্পেসিফিকেশন শীট ৪.১: টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করা.....	৭৩
জব শিট ৪.২: কর্মক্ষেত্রের মান অনুযায়ী কর্মক্ষেত্র পরিষ্কার করা.....	৭৪
স্পেসিফিকেশন শীট ৪.২: কর্মক্ষেত্রের মান অনুযায়ী কর্মক্ষেত্র পরিষ্কার করা.....	৭৭
জব শিট ৪.৩: কর্মক্ষেত্রের পদ্ধতি অনুযায়ী বর্জ্য পদার্থ ডিসপোস করা.....	৭৮
স্পেসিফিকেশন শীট ৪.৩: কর্মক্ষেত্রের পদ্ধতি অনুযায়ী বর্জ্য পদার্থ ডিসপোস করা.....	৭৯
<b>দক্ষতা পর্যালোচনা (Review of Competency).....</b>	<b>৮০</b>

## মডিউল কন্টেন্ট

ইউ ও সি শিরোনাম	ফুয়েল সিস্টেম সার্ভিস ও প্রতিস্থাপন করা
ইউ ও সি কোড	OU-LE-AM-07-L1-V1
মডিউল শিরোনাম	ফুয়েল সিস্টেম সার্ভিস ও প্রতিস্থাপন করুন
মডিউলের বর্ণনা	এই মডিউলে ফুয়েল সিস্টেম সার্ভিস করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা এবং দৃষ্টিভঙ্গি অর্জন করা হয়েছে। এতে বিশেষ করে কাজের জন্য প্রস্তুতি নেয়া, গ্যাসোলিন ইঞ্জিন ও ডিজেল ইঞ্জিনের ফুয়েল সিস্টেম সার্ভিস করা এবং টুলসস পরিষ্কার করে তা সংরক্ষণ করার দক্ষতা অর্জন করা হয়েছে।
নমিনাল সময়	৪০ ঘণ্টা
শিখনফল	মডিউলটির অনুশীলন শেষ করার পর প্রশিক্ষার্থীরা নিম্নবর্ণিত কাজগুলো করতে সমর্থ হবে ১. কাজের জন্য প্রস্তুতি নিতে পারবে ২. গ্যাসোলিন ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করতে পারবে ৩. ডিজেল ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করতে পারবে ৪. টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার করে স্টোরে সংরক্ষণ করতে পারবে

### অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)

১. স্পেসিফিকেশন এবং নির্দেশাবলী ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে
২. উপযুক্ত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) সনাক্ত করতে এবং নির্বাচন করতে সক্ষম হয়েছে
৩. কাজের নির্দিষ্ট টুলস এবং ইকুইপমেন্ট সনাক্ত করতে এবং নির্বাচন করতে সক্ষম হয়েছে
৪. প্রয়োজন অনুযায়ী উপাদান ও কনসিউমাবল নির্বাচন করতে পারবে
৫. গ্যাসোলিন ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম কম্পোনেন্টগুলি চিহ্নিত করতে সক্ষম হয়েছে
৬. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে কম্পোনেন্টগুলি পরীক্ষা করতে সক্ষম হয়েছে।
৭. পরীক্ষার ফলাফল অনুসারে ফল্ট কম্পোনেন্টগুলি প্রয়োজন অনুযায়ী সার্ভিস বা প্রতিস্থাপন করতে সক্ষম হয়েছে
৮. ডিজেল ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম কম্পোনেন্টগুলি চিহ্নিত করতে সক্ষম হয়েছে
৯. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে প্রধান কম্পোনেন্টগুলি পরীক্ষা করতে সক্ষম হয়েছে
১০. পরীক্ষার ফলাফল অনুসারে ফল্ট কম্পোনেন্টগুলি প্রয়োজন অনুযায়ী মেরামত ও প্রতিস্থাপিত করতে সক্ষম হয়েছে
১১. টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করতে সক্ষম হয়েছে।
১২. কর্মক্ষেত্রের পদ্ধতি অনুযায়ী বর্জ্য পদার্থ ডিসপোস করিতে সক্ষম হয়েছে।
১৩. কর্মক্ষেত্রের মান অনুযায়ী কর্মক্ষেত্র পরিষ্কার করতে সক্ষম হয়েছে।

## শিখনফল (Learning Outcome)-১: কাজের জন্য প্রস্তুতি নিতে পারবে

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> <li>১. স্পেসিফিকেশন এবং নির্দেশাবলী ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে</li> <li>২. উপযুক্ত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) সনাক্ত করতে এবং নির্বাচন করতে সক্ষম হয়েছে</li> <li>৩. কাজের নির্দিষ্ট টুলস এবং ইকুইপমেন্ট সনাক্ত করতে এবং নির্বাচন করতে সক্ষম হয়েছে</li> <li>৪. প্রয়োজন অনুযায়ী উপাদান ও কনসিউমাবল নির্বাচন করতে পারবে</li> </ol>
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> <li>১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ</li> <li>২. সিবিএলএম</li> <li>৩. হ্যান্ডআউটস</li> <li>৪. ল্যাপটপ/কম্পিউটার</li> <li>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর</li> <li>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার</li> <li>৭. ইন্টারনেট সুবিধা</li> <li>৮. হোয়াইট বোর্ড ও মার্কার</li> <li>৯. অডিও এবং ভিডিও ডিভাইস</li> </ol>
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> <li>১. PPE এবং উহার প্রয়োজনীয়তা</li> <li>২. ওএসএইচ এবং ওএসএইচ এর প্রয়োজনীয়তা</li> <li>৩. হাজার্ড ও হাজার্ড এর প্রকারভেদ</li> <li>৪. হাজার্ড কন্ট্রোল করা</li> <li>৫. জব স্পেসিফিক টুলস এবং ইকুইপমেন্ট</li> <li>৬. জবের জন্য প্রয়োজনীয় উপাদান ও কনসিউমাবল</li> </ol>
এক্টিভিটি	<ol style="list-style-type: none"> <li>১. হাজার্ড চিহ্নিত করুন</li> <li>২. জব স্পেসিফিক টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করুন</li> </ol>
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> <li>১. আলোচনা (Discussion)</li> <li>২. উপস্থাপন (Presentation)</li> <li>৩. প্রদর্শন (Demonstration)</li> <li>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)</li> <li>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)</li> <li>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)</li> <li>৭. সমস্যা সমাধান (Problem Solving)</li> <li>৮. মাথাখাটানো (Brainstorming)</li> </ol>
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> <li>১. লিখিত অভীক্ষা (Written Test)</li> <li>২. প্রদর্শন (Demonstration)</li> <li>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)</li> <li>৪. পোর্টফলিও (Portfolio)</li> </ol>

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : কাজের জন্য প্রস্তুতি নেয়া

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “কাজের জন্য প্রস্তুতি নেয়া” শেখার উপকরণ প্রদান করবেন
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ১ : কাজের জন্য প্রস্তুতি নেয়া
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন জব শিট ১.১: হাজার্ড চিহ্নিত করুন স্পেসিফিকেশন শিট ১.১: হাজার্ড চিহ্নিত করুন জব শিট ১.২: জব স্পেসিফিক টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করুন স্পেসিফিকেশন শিট ১.২: জব স্পেসিফিক টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করুন

## ইনফরমেশন শিট (Information Sheet) ১: কাজের জন্য প্রস্তুতি নেয়া

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে

- ১.১ PPE এবং উহার প্রয়োজনীয়তা
- ১.২ ওএসএইচ এবং ওএসএইচ এর প্রয়োজনীয়তা
- ১.৩ হাজার্ড ও হাজার্ড এর প্রকারভেদ
- ১.৪ হাজার্ড কন্ট্রোল করা
- ১.৫ জব স্পেশিফিক টুলস এবং ইকুইপমেন্ট
- ১.৬ জবের জন্য প্রয়োজনীয় উপাদান ও কনসিউমাবল

### ১.১ PPE এবং উহার প্রয়োজনীয়তা

কারখানাতে কাজ করার সময় যে সকল ডিভাইস ব্যবহার করলে নিজেকে মারাত্মক কোন দুর্ঘটনা থেকে রক্ষা করা যায় সেগুলিকে Personal Protective Equipment (পার্সোনাল প্রটেকটিভ ইকুইপমেন্ট) বলে।

#### উপকারিতা

- উৎপাদনশীলতা বৃদ্ধি পায়
- আয়রোজগারের ধারাবাহিকতা বজায় থাকে
- জান ও মালের ক্ষতির সম্ভাবনা কম
- অসুস্থতা কম
- আইন মান্য করা হয়
- কর্মক্ষেত্রের সুনাম বজায় থাকে
- দুর্ঘটনা এড়ানো সম্ভব হয়
- দুর্ঘটনার ভয় কম থাকে







ওয়ার্কশপে কাজ করার সময় যে কোন দুর্ঘটনা এড়ানোর জন্য অবশ্যই নিরাপদ পোশাক ও নিরাপদ সরঞ্জামাদি পরিধান করা দরকার। যেমন-


- এ্যাপ্রোন পরিধান না করলে অসতর্কতাবশত ঢিলেঢালা পোশাক কোথাও জড়িয়ে বা পৌঁচিয়ে দুর্ঘটনা ঘটতে পারে, লম্বা চুল বেঁধে হেলমেট না পড়লে ঘূর্ণায়মান কোন যন্ত্রাংশে জড়িয়ে মারাত্মক দুর্ঘটনা ঘটতে পারে।
- গ্রাইন্ডিং, মেশিনিং এবং চিপিং করতে নিরাপদ চশমা পরিধান করলে ছিটকে যাওয়া চিপস এর আঘাত থেকে চোখকে রক্ষা করা যায়

#### PPE এর প্রয়োজনীয়তা

পার্সোনাল প্রটেকটিভ ইকুইপমেন্ট মানুষের সুরক্ষার জন্য ব্যবহার করা হয়। এই ইকুইপমেন্ট মানুষকে বিভিন্ন জোখমের হাত থেকে সুরক্ষা করে থাকে।

কয়েকটি অতি প্রয়োজনীয় ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদি (পিপিই) এর ব্যবহারের বর্ণনা নিচে দেয়া হলো ।

ক্রমিক নং	পিপিইর নাম	চিত্র	ব্যবহার
ক.	হেলমেট (Helmet)		মাথাকে সুরক্ষার কাজে ব্যবহৃত হয়।
খ.	মাস্ক (Mask)		ধূলাবালি,কেমিক্যালের গন্ধ থেকে সুরক্ষার কাজে ব্যবহৃত হয়।
গ.	গগলস (Goggles)		অটোমোবাইলে কাজ করার সময় যেমনঃ- গ্রাইন্ডিং ,ড্রিলিং, বোরিং,ওয়েল্ডিং ইত্যাদি কাজ করার সময় অবশ্যই গগলস ব্যবহার করতে হবে।
ঘ.	হ্যান্ড গ্লাভস (Hand Gloves)		অটোমোবাইলে কাজ করার সময় বিভিন্ন ধরনের ভারী যন্ত্রপাতি উঠানামা করার সময় অবশ্যই হ্যান্ড গ্লাভস ব্যবহার করতে হবে
ঙ.	এপ্রোন (Apron)		অটোমোবাইলে কাজ করার সময় ধূলা,বলি,গাড়ির কালো বজ্র ইত্যাদি থেকে জামা-কাপড় রক্ষা করার জন্য এপ্রোন ব্যবহার করতে হবে।
চ.	সেফটি সু (Safety shoes)		অটোমোবাইলে কাজ করার সময় বিভিন্ন ধরনের ভারী যন্ত্রপাতি উঠানামা করার সময় অবশ্যই সেফটি সু ব্যবহার করতে হবে যেন ভারী যন্ত্রপাতির আঘাত হতে পা রক্ষা পায়।

ছ.	ইয়ার প্লাগ (Ear plug)		<p>বয়লার অপারেটর, জেনারেটর অপারেটর, গ্রাইন্ডিং মেশিন অপারেটর বা যে কোন উচ্চ শব্দ প্রতিরোধের জন্য ইয়ার প্লাগ ব্যবহার করা হয়। তা না হলে বধির হওয়ার সম্ভাবনা থাকে।</p>
----	------------------------	---	---

## ১.২ ওএসএইচ এবং ওএসএইচ এর প্রয়োজনীয়তা

### ওএসএইচ (OSH)

**কর্মক্ষেত্রে পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা (Occupational Safety and Health):** কাজ করার সময় শরীরকে রক্ষা করার জন্য যে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা হয় তাকে পেশাগত স্বাস্থ্য নিরাপত্তা বলা হয়।

### ওএসএইচ (OSH) এর প্রয়োজনীয়তা

- কর্মক্ষেত্রে জীবন হানির সম্ভাবনা কম।
- কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা।
- আঘাতজনিত কষ্ট এড়িয়ে চলা।
- অঙ্গহানির সম্ভাবনা কম।
- উপার্জন ক্ষমতা নষ্ট হয়না।
- অধিক আয় বজায় থাকা।
- উৎপাদনশীলতা ব্যহত হয়না। উৎপাদনশীলতার ধারাবাহিকতা বজায় থাকে।
- কর্মঘণ্টা নষ্ট হয়না।
- পঞ্জিত বরন করে পরিবার ও সমাজের বোঝা হতে হয়না।
- পরিবারের সদস্যদের ভরনপোষন নিশ্চিত করা।
- সংসারের সুখ বজায় থাকে।
- আর্থিক স্বচ্ছলতা ব্যাহত হয়না বরং অধিক আয় উন্নতমানের ব্যক্তিগত ও সামাজিক জীবন নিশ্চিত হয়।
- মালিক ও শ্রমিকের মধ্যে সুসম্পর্ক বজায় থাকে যা উৎপাদনশীলতার একটি বড় কারন।
- কাজে মনোবল ও আত্মবিশ্বাসের সৃষ্টি হয়।
- সম্পদের ক্ষতি হতে রক্ষা পাওয়া যায়।

## ১.৩ হাজার্ড ও হাজার্ড এর প্রকারভেদ

**হাজার্ড:** যে কোন ধরনের দুর্ঘটনা ঘটানোর আশঙ্কাকে হাজার্ড বলে। ঝুঁকি নিয়ন্ত্রন করা যায় তবে হাজার্ড নিয়ন্ত্রন করা যায় না।

**নিম্ন লিখিত উপায়ে হাজার্ডকে সঞ্জায়িত করা যায়**

- হাজার্ড হলো দুর্ঘটনা ঘটানোর উৎস যা কারো স্বাস্থ্যের ক্ষতির কারন হয়।
- দুর্ঘটনা ঘটানোর উৎস যা সম্পদ বা পরিবেশের ক্ষতির কারন হয়।
- দুর্ঘটনা ঘটানোর উৎস যা জান ও মাল উভয়েরই ক্ষতির কারন হয়।

## রিস্ক বা ঝুঁকি

ঝুঁকির আভিধানিক সংজ্ঞা হচ্ছে সম্ভাব্য বিপদের সম্মুখীন হওয়া। রিস্ক হলো এমন সম্ভাবনা যা একজন ব্যক্তির ক্ষতি হতে পারে বা স্বাস্থ্যের উপর বিরূপ প্রভাব পরতে পারে। এটি সম্পত্তি বা সরঞ্জামের ক্ষতি, বা পরিবেশের উপর ক্ষতিকর প্রভাব ও পরিস্থিতির উপর ও প্রযোজ্য হতে পারে।

**হাজার্ড এর প্রকারভেদঃ** হাজার্ডের শ্রেণীবিন্যাস নিম্নে উল্লেখ করা হলো

হাজার্ড ৪ প্রকার যথা

- ফিজিক্যাল হাজার্ড (Physical Hazards)
- রাসায়নিক হাজার্ড (Chemical Hazards)
- বায়োলোজিক্যাল হাজার্ড (Biological Hazards)
- আর্গোনোমিক্যাল হাজার্ড (Ergonomical Hazards)

হাজার্ড	কি কি কারণে ঘটতে পারে।
<b>ফিজিক্যাল হাজার্ড (Physical Hazards):</b> পদার্থ বা বস্তুর ফলে যে হাজার্ড সৃষ্টি হয় তাকে ফিজিক্যাল হাজার্ড বলে।	<ul style="list-style-type: none"><li>▪ মেঝে, পিচ্ছিল পৃষ্ঠ, সিঁড়ি, ধাপ, মই,</li><li>▪ মেশিনের মাধ্যমে আঘাত পাওয়া,</li><li>▪ ধারালো বস্তুতে কেটে যাওয়া ইত্যাদি।।</li><li>▪ আগুন,</li><li>▪ পচনশীল বস্তু,</li><li>▪ শব্দ, কম্পন,</li><li>▪ দুর্বল আলো, বায়ুচলাচল বা বায়ুর গুণমান শব্দ,</li></ul>
<b>রাসায়নিক হাজার্ড (Chemical Hazards):</b> Chemical, Cleaning পদার্থের ফলে যে হাজার্ড তৈরী হয় তাকে রাসায়নিক হাজার্ড বলে।	<ul style="list-style-type: none"><li>▪ এসিড, রং, ধুলো এবং ধোঁয়া,</li><li>▪ রাসায়নিক পদার্থ,</li><li>▪ বিপজ্জনক পণ্য</li><li>▪ ক্লিনিং এজেন্ট,</li><li>▪ বিস্ফোরক ইত্যাদি</li></ul>
<b>বায়োলোজিক্যাল হাজার্ড (Biological Hazards):</b> পরিবেশগত দূষন অথবা কীট পতঙ্গের ফলে যে হাজার্ড তৈরী হয় তাকে বায়োলোজিক্যাল হাজার্ড বলে।	<ul style="list-style-type: none"><li>▪ ভাইরাস, কীট-পতঙ্গ, পাখি, প্রাণি ইত্যাদি</li><li>▪ মাইক্রোবায়োলজিক্যাল</li></ul>
<b>আর্গোনোমিক্যাল হাজার্ড (Ergonomical Hazards):</b> আর্গোনোমিক্যাল হাজার্ড হল কর্মক্ষেত্রে এমন পরিস্থিতি যা শরীরে ক্ষয়-ক্ষতির সৃষ্টি করে এবং দীর্ঘ সময় যাবত একই অবস্থানে দাঁড়িয়ে বা বসে কাজ করার ফলে যে হাজার্ড তৈরী হয় তাকে আর্গোনোমিক্যাল হাজার্ড বলে।	<ul style="list-style-type: none"><li>▪ একই দিকে বারবার তাকিয়ে কাজ করার ফলে</li><li>▪ দীর্ঘ সময় যাবত একই অবস্থানে দাঁড়িয়ে বা বসে কাজ করার ফলে।</li></ul>

## ১.৪ হাজার্ড কন্ট্রোল করা


নিম্নলিখিত ৬টি উপায়ে হাজার্ড ও রিস্ক নিয়ন্ত্রণ করা যেতে পারে।

- ক. **সরিয়ে ফেলা (Elimination):** কর্মস্থল থেকে হাজার্ড ও রিস্ক নিয়ন্ত্রণ করার জন্য এই অপসারণ প্রক্রিয়া অবলম্বন করা যেতে পারে। যেখানে যা কিছু বিপত্তির কারণ হবে সেখান থেকে সেগুলোকে সরিয়ে ফেলতে হবে। এটি রিস্ক নিয়ন্ত্রনের সবচেয়ে কার্যকর উপায়।
- খ. **বিকল্প ব্যবস্থা করা (Substitution):** যে সমস্ত বস্তু বেশী বিপদজনক সে স্থলে কম বিপদজনক বস্তু ব্যবহার করা যেতে পারে। এই ব্যবস্থার মাধ্যমে কর্মস্থল থেকে হাজার্ড ও রিস্ক অনেকাংশে নিয়ন্ত্রণ করা সম্ভব।
- গ. **বিচ্ছিন্ন করা (Isolation):** এমন কিছু জিনিস যা সংযুক্ত থাকলে বিপত্তির সৃষ্টি হয়, ওই গুলোকে বিচ্ছিন্ন করার মাধ্যমে কর্মস্থল থেকে বিপত্তি ও ঝুঁকি নিয়ন্ত্রণ করার যেতে পারে।
- ঘ. **প্রযুক্তিগত ভাবে ব্যবস্থা করা (Engineering):** প্রযুক্তির উন্নয়ন ঘটিয়ে কর্মস্থল থেকে হাজার্ড ও রিস্ক অনেকাংশে নিয়ন্ত্রণ করা যেতে পারে।
- ঙ. **প্রশাসনিক নিয়ন্ত্রণ (Administration):** কর্মস্থল থেকে হাজার্ড ও রিস্ক নিয়ন্ত্রনের কাজ ব্যয় বহুল হলে বা প্রশাসনিক সিদ্ধান্তের প্রয়োজন হলে প্রশাসনিক নিয়ন্ত্রণ হতে পারে।
- চ. **ব্যক্তিগত নিরাপত্তার জিনিসপত্র ব্যবহার (Personal Protective Equipment):** কর্মস্থল থেকে হাজার্ড ও রিস্ক নিয়ন্ত্রণ করার জন্য সর্বোত্তম পদ্ধতি হল ব্যক্তিগত নিরাপত্তার জিনিসপত্র ব্যবহার করা

## ১.৫ জব স্পেশিফিক টুলস এবং ইকুইপমেন্ট



	
<b>স্কু ড্রাইভার সেট (Screw Driver Set):</b> স্কু-ড্রাইভার সেট হলো যার দ্বারা বিভিন্ন সাইজের স্কু কে টিলে করিয়া খোলা বা লাগানোর কাজে ব্যবহৃত হয়।	<b>এলেন কি সেট (Allen Key set):</b> অ্যালেন কি অ্যালেন স্ক্রুতে ব্যবহার হয়। তাছাড়া ইঞ্জিন হেড বোল্ট, বিয়ারিং ক্যাপ এবং গিয়ার বক্সে ব্যবহৃত হয়।
	
<b>এল-রেঞ্চ (L- Wrench):</b> এর দ্বারা নির্দিষ্ট মাপের নাট ও বোল্ডকে লাগানো বা খোলা যায়।	<b>ওপেন এন্ডেড রেঞ্চ (Open Ended wrench):</b> এর দ্বারা নির্দিষ্ট মাপের নাট ও বোল্ডকে লাগানো বা খোলা যায়। ওপেন এন্ডেড রেঞ্চ দ্বারা নাট ও বোল্ডকে বেশি টর্কে টাইট দেয়া যায়না।

	
<p><b>AVO মিটার (AVO meter):</b> AVO মিটার হচ্ছে একটি ইলেক্ট্রনিক ডিভাইস যার মাধ্যমে একাধিক বৈদ্যুতিক সার্কিটের প্রবাহিত কারেন্ট, ভোল্টেজ, রেজিস্টেন্স পরিমাপ করা হয়ে থাকে। বর্তমানে ডিজিটাল AVO মিটার মাল্টিমিটার গুলোতে ট্রানজিস্টর, কন্ডেন্সার ইত্যাদি টেস্ট করার সুবিধা ছাড়াও সার্কিটের কোন ডিভাইসের কন্টিনিউটি টেস্ট করা যায়।</p>	<p><b>কম্বিনেশন প্লায়ার্স (Combination pliers):</b> ইঞ্জিনের ছোট ছোট জিনিসকে শক্ত করে ধরার জন্য কম্বিনেশন প্লায়ার্স ব্যবহৃত হয়। তাছাড়া গাড়ির বৈদ্যুতিক তার মোচড়ানো এবং কাটার কাজেও ব্যবহৃত হয়ে থাকে।</p>
	
<p><b>অটো স্ক্যানার (Auto Scanner):</b> গাড়ির ইঞ্জিন বা ইলেকট্রনিক সিস্টেমের সমস্যা নিরীক্ষণ এবং নির্ণয়ের জন্য, একটি গাড়ি স্ক্যানার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যন্ত্র হিসাবে ব্যবহৃত হয়ে আসছে। এই টুলসটি ইঞ্জিনের ত্রুটি কোডগুলি পড়তে এবং পরিস্কার করতে, ইঞ্জিন সিস্টেমকে চেক ও বিভিন্ন সমস্যা নির্ণয় করতে ব্যবহৃত হয়।</p>	<p><b>বিশেষ পরিষেবা সরঞ্জাম(এসএসটি)(Special Service tools(SST):</b> বিশেষ পরিষেবা টুলস, নির্দিষ্ট কাজ সম্পাদনের জন্য ডিজাইন করা হয়। একটি কম্পোনেন্ট ঠিক করতে ব্যবহৃত হয় যা একটি আদর্শ টুলস দ্বারা সহজে মেরামত করা যায় না। SST গুলি সাধারণত গাড়ির ডিজাইনের উপর নির্ভর করে তৈরি করা হয়। যাতে প্রয়োজনে গাড়িটিকে সঠিকভাবে মেরামত করতে পারা যায়।</p>
	
<p><b>ফুয়েল প্রেশার গেজ (Fuel Pressure Gauge):</b> ফুয়েলের চাপ পরিমাপ করার জন্য যে প্রেশার গেজ ব্যবহৃত হয় তাকে ফুয়েল প্রেশার গেজ বলে।</p>	<p><b>ফুয়েল পাম্প টেস্টার (Fuel Pump Tester):</b> ফুয়েল পাম্প টেস্ট করার জন্য ব্যবহার করা হয়।</p>

<p><b>ইনজেক্টর টেস্টার (Injector Tester):</b> ইনজেক্টরের চাপ পরিমাপ করার জন্য ইনজেক্টর টেস্টার ব্যবহার করা হয়।</p>	
---	---

### ১.৬ জবের জন্য প্রয়োজনীয় উপাদান ও কনসিউমাবল

প্রয়োজনীয় উপাদান ও কনসিউমাবল মালামালের নাম ও কাজ	চিত্র
	
<p><b>ডিজেল (Diesel):</b> গাড়ীর জ্বালানি হিসেবে ডিজেল ব্যবহার করা হয়, এবং ইঞ্জিনের বিভিন্ন যন্ত্রাংশ পরিস্কারের কাজে ব্যবহার করা হয়।</p>	<p><b>কেরোসিন (Kerosine):</b> কেরোসিন ইঞ্জিনের বিভিন্ন যন্ত্রাংশ পরিস্কারের কাজে ব্যবহার করা হয়।</p>
	
<p><b>খিনার (Thinner):</b> রং এর সাথে খিনার মিশিয়ে রংকে পাতলা করার কাজে ব্যবহার করা হয়।</p>	<p><b>অকটেন (Octane):</b> অকটেন জ্বালানি হিসেবে গাড়ীতে ব্যবহার করা হয়।</p>
	
<p><b>ইনজেক্টর ক্লিনিং এজেন্ট (Injector Cleaning Agent):</b> ইনজেক্টর ক্লিনিং করার কাজে ব্যবহার করা হয়।</p>	<p><b>ওয়েস্ট কটন (Waste Cotton):</b> যা দ্বারা ইঞ্জিনের বিভিন্ন যন্ত্রাংশ পরিস্কার করার কাজে ব্যবহৃত হয়ে থাকে।</p>

	
<p><b>ন্যাপকিন (Napkin):</b> ন্যাপকিন হলো টেবিল পরিষ্কার এবং বিভিন্ন যন্ত্রাংশ পরিষ্কার এবং হাত মুখ মুছতে বা পোশাক রক্ষা করতে ব্যবহৃত হয়।</p>	<p><b>টিস্যু (Tissue Paper):</b> টিস্যু পণ্যগুলি কাঠ বা পুনর্ব্যবহৃত কাগজ থেকে তৈরি নরম, পাতলা, নমনীয় এবং শোষণক কাগজ। যাহা পরিষ্কার করার কাজে ব্যবহৃত হয়ে থাকে। সেগুলিই আমরা প্রতিদিন ব্যবহার করি, যেমন টয়লেট পেপার, কাগজের তোয়ালে, ন্যাপকিন এবং মুখের টিস্যু।</p>

## সেলফ চেক (Self-Check)- ১: কাজের জন্য প্রস্তুতি নেয়া

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১. পার্সোনাল প্রটেকটিভ ইকুইপমেন্ট কাকে বলে?

উত্তর:

২. PPE পূর্ণ নাম কি?

উত্তর:

৩. ৫টি PPE এর নাম লেখ?

উত্তর:

৪. OSH পূর্ণ নাম কি?

উত্তর:

৫. হাজার্ড কাকে বলে?

উত্তর:

৬. হাজার্ড কত প্রকার ও কি কি?

উত্তর:

৭. হাজার্ড কন্ট্রোল কয় ভাবে করা যায়?

উত্তর:

৮. ফিজিক্যাল হাজার্ড কাকে বলে?

উত্তর:

৯. বায়োলোজিক্যাল হাজার্ড কাকে বলে?

উত্তর:

## উত্তরপত্র (Answer Key)-১: কাজের জন্য প্রস্তুতি নেয়া

১. পার্সোনাল প্রটেকটিভ ইকুইপমেন্ট কাকে বলে?

উত্তর: কারখানায় কাজ করার সময় যে সকল ডিভাইস ব্যবহার করলে নিজেকে মারাত্মক কোন দুর্ঘটনা থেকে রক্ষা করা যায় সেগুলিকে পার্সোনাল প্রটেকটিভ ইকুইপমেন্ট বলে।

২. PPE পূর্ণ নাম কি?

উত্তর: Personal Protective Equipment (পার্সোনাল প্রটেকটিভ ইকুইপমেন্ট)

৩. ৫টি PPE এর নাম লেখ?

উত্তর: হেলমেট (Helmet), মাস্ক (Mask), গগলস (Goggles), হ্যান্ড গ্লাভস (Hand Gloves), এপ্রোন (Apron), সেফটি সু (Safety shoes), ইয়ার প্লাগ (Ear plug)

৪. OSH পূর্ণ নাম কি?

উত্তর: Occupational Safety and Health (কর্মক্ষেত্রে পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা)

৫. হাজার্ড কাকে বলে?

উত্তর: যে কোন ধরনের দুর্ঘটনা ঘটানোর আশঙ্কাকে হাজার্ড বলে।

৬. হাজার্ড কত প্রকার ও কি কি?

উত্তর: হাজার্ড ৪ প্রকার যথা

ক. ফিজিক্যাল হাজার্ড (Physical Hazards)

খ. রাসায়নিক হাজার্ড (Chemical Hazards)

গ. বায়োলোজিক্যাল হাজার্ড (Biological Hazards)

ঘ. আর্গোনোমিক্যাল হাজার্ড (Ergonomical Hazards)

৭. হাজার্ড কন্ট্রোল কয় ভাবে করা যায়?

উত্তর: ৬ ভাবে করা যায় যথা

ক. সরিয়ে ফেলা (Elimination)

খ. বিকল্প ব্যবস্থা করা (Substitution)

গ. বিচ্ছিন্ন করা (Isolation)

ঘ. প্রযুক্তিগত ভাবে ব্যবস্থা করা (Engineering)

ঙ. প্রশাসনিক নিয়ন্ত্রণ (Administration)

চ. ব্যক্তিগত নিরাপত্তার জিনিসপত্র ব্যবহার (Personal Protective Equipment)

৮. ফিজিক্যাল হাজার্ড কাকে বলে?

উত্তর: পদার্থ বা বস্তুর ফলে যে হাজার্ড সৃষ্টি হয় তাকে ফিজিক্যাল হাজার্ড বলে।

৯. বায়োলোজিক্যাল হাজার্ড কাকে বলে?





উত্তর: পরিবেশগত দূষন অথবা কীট পতঙ্গের ফলে যে হাজার্ড তৈরী হয় তাকে বায়োলোজিক্যাল হাজার্ড বলে।

## জব শিট ১.১: হাজার্ড চিহ্নিত করা

### কাজের ধাপ

প্রশিক্ষক প্রতিটি টুলস ও ইকুইপমেন্ট সমূহের সঠিক ব্যবহার প্রদর্শন করার পরে নিম্নলিখিত কার্যকলাপটি শুরু করুন। কাজকে ভাল ভাবে সম্পন্ন করার যোগ্যতা অর্জনের জন্য কয়েকবার পুনরাবৃত্তি করতে হবে।

১. সেফটি ড্রেস সংগ্রহ করুন ও পরিধান করুন
২. ফিজিক্যাল, রাসায়নিক, বায়োলোজিক্যাল এবং আর্গোনোমিক্যাল হাজার্ড কোনটি নিম্নের ছবি দেখে বক্সে নাম লিখুন।
৩. সকল টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার করুন
৪. সকল টুলস ও ইকুইপমেন্ট স্টোর করুন

### সতর্কতা সমূহ

- কাজ করার সময় অবশ্যই PPE পরিধান করতে হবে।
- সঠিক ভাবে টুলসের ব্যবহার নিশ্চিত করতে হবে।
- কাজের সময় অমনোযোগী হওয়া যাবে না।
- যদি বোঝাতে সমস্যা হয় তবে শিক্ষক এর সহায়তা নিতে হবে।
- শিক্ষক এর অনুমতি ছাড়া অন্য কোনো কাজ করা যাবে না।

**স্পেসিফিকেশন শীট ১.১: হাজার্ড চিহ্নিত করা**

কাজের শর্তাদি: কাজটি অবশ্যই নিরাপদ পদ্ধতিতে স্ট্যান্ডার্ড অনুযায়ী সম্পাদন করবেন।

নির্দেশনাঃ পিপিই সনাক্ত করে পরিধান করবেন এবং প্রত্যেকটির টুলস এবং ইকুইপমেন্ট নাম লিপিবদ্ধ করবেন।

**প্রয়োজনীয় পিপিই সমূহ**

ক্রমিক নং	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১.	সেফটি সু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
২.	মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৩.	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
৪.	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৫.	হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৬.	এপ্রোন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৭.	ইয়ার প্লাগ	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১

**প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্টস**

ক্রমিক নং	টুলস এবং ইকুইপমেন্টের নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১.	বেসিক হ্যান্ড টুলস সেট	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
২.	ওয়্যার রিপিয়ার কিট	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৩.	কন্সট্রাকশন প্লায়ার্স	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১

**প্রয়োজনীয় কাচামাল সমূহ:**

ক্রমিক নং	কাচামালের নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১.	ওয়েস্ট কটন	স্ট্যান্ডার্ড আকারের	কেজি	১
২.	ন্যাপকিন	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	১
৩.	টিস্যু পেপার	স্ট্যান্ডার্ড আকারের	বক্স	১







## টাস্ক শিট ১.২: জব স্পেসিফিকেশন টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করা

### কাজের ধাপ

প্রশিক্ষক প্রতিটি গাড়ীর বড়ির বৈদ্যুতিক এবং ইলেকট্রনিক কম্পোনেন্ট সমূহের সঠিক ব্যবহার প্রদর্শন করার পরে নিম্নলিখিত কার্যকলাপটি শুরু করুন। কাজকে ভাল ভাবে সম্পন্ন করার যোগ্যতা অর্জনের জন্য কয়েকবার পুনরাবৃত্তি করতে হবে।

১. সেফটি ডেস সংগ্রহ করুন ও পরিধান করুন।
২. জব স্পেসিফিকেশন টুলস এবং ইকুইপমেন্ট এর ছবি দেখে নিচের খালি জায়গায় টুলস এবং ইকুইপমেন্টের নাম লিখুন
৩. সকল টুলস এবং ইকুইপমেন্ট পরিক্ষার করুন।
৪. সকল টুলস এবং ইকুইপমেন্ট স্টোর করুন।

জব স্পেসিফিকেশন টুলস এবং ইকুইপমেন্ট এর ছবি দেখে নিচের খালি জায়গায় টুলস এবং ইকুইপমেন্টের নাম লিখুন

### সতর্কতা সমূহ

- ক. কাজ করার সময় অবশ্যই PPE পরিধান করতে হবে।
- খ. সঠিক ভাবে টুলসের ব্যবহার নিশ্চিত করতে হবে।
- গ. কাজের সময় অমনোযোগী হওয়া যাবে না।
- ঘ. যদি বোঝাতে সমস্যা হয় তবে শিক্ষক এর সহায়তা নিতে হবে।
- ঙ. শিক্ষক এর অনুমতি ছাড়া অন্য কোনো কাজ করা যাবে না।

**স্পেসিফিকেশন শীট ১.২: জব স্পেসিফিক টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করা**

কাজের শর্তাদি: কাজটি অবশ্যই নিরাপদ পদ্ধতিতে স্ট্যান্ডার্ড অনুযায়ী সম্পাদন করবেন।

নির্দেশনাঃ পিপিই সনাক্ত করে পরিধান করবেন এবং প্রত্যেকটির টুলস এবং ইকুইপমেন্ট নাম লিপিবদ্ধ করবেন।

প্রয়োজনীয় পিপিই সমূহ

ক্রমিক নং	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১.	সেফটি সু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
২.	মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৩.	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
৪.	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৫.	হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৬.	এপ্রোন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৭.	ইয়ার প্লাগ	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১

প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্টস

ক্রমিক নং	টুলস এবং ইকুইপমেন্টের নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১.	স্কু ড্রাইভার সেট	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
২.	এলেন কি সেট	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৩.	এল- রেঞ্চ	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৪.	ওপেন এন্ডেট রেঞ্চ	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৫.	AVO মিটার	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৬.	কম্বিনেশন প্লায়ারস্	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৭.	অটো স্ক্যানার	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
৮.	বিশেষ পরিষেবা সরঞ্জাম(এসএসটি)	স্ট্যান্ডার্ড আকারের	সেট	০১
৯.	ফুয়েল প্রেসার গেজ	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
১০.	ইনজেকটর টেস্টার	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১
১১.	ফুয়েল পাম্প টেস্টার	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	০১

প্রয়োজনীয় কাচামাল সমূহ:

ক্রমিক নং	কাচামালের নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১.	ওয়েস্ট কটন	স্ট্যান্ডার্ড আকারের	কেজি	১
২.	ন্যাপকিন	স্ট্যান্ডার্ড আকারের	সংখ্যা	১
৩.	টিস্যু পেপার	স্ট্যান্ডার্ড আকারের	বক্স	১

**শিখনফল (Learning Outcome)- ২: গ্যাসোলিন ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করতে পারবে**

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> <li>১. গ্যাসোলিন ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম কম্পোনেন্টগুলি চিহ্নিত করতে সক্ষম হয়েছে</li> <li>২. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে কম্পোনেন্টগুলি পরীক্ষা করতে সক্ষম হয়েছে।</li> <li>৩. পরীক্ষার ফলাফল অনুসারে ফল্টি কম্পোনেন্টগুলি প্রয়োজন অনুযায়ী সার্ভিস বা প্রতিস্থাপন করতে সক্ষম হয়েছে</li> </ol>
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> <li>১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ</li> <li>২. সিবিএলএম</li> <li>৩. হ্যান্ডআউটস</li> <li>৪. ল্যাপটপ/কম্পিউটার</li> <li>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর</li> <li>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার</li> <li>৭. ইন্টারনেট সুবিধা</li> <li>৮. হোয়াইট বোর্ড ও মার্কার</li> <li>৯. অডিও এবং ভিডিও ডিভাইস</li> </ol>
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> <li>১. কনভেনশনাল গ্যাসোলিন ফুয়েল সিস্টেমের বিবরণ</li> <li>২. গ্যাসোলিন ফুয়েল সিস্টেমের প্রকারভেদ (গ্রাসোলিন, এলপিগিজি, এলএনজি ও সিএনজি) কনভেনশনাল গ্যাসোলিন ফুয়েল সিস্টেমের কম্পোনেন্ট</li> <li>৩. কম্পোনেন্টগুলির কার্যাবলী</li> <li>৪. কনভেনশনাল গ্যাসোলিন ইঞ্জিনের ফুয়েল সিস্টেমের ফল্টিসমূহ ও প্রতিকার।</li> </ol>
এক্টিভিটি	<ol style="list-style-type: none"> <li>১. কনভেনশনাল গ্যাসোলিন ইঞ্জিনের ফুয়েল সিস্টেম কম্পোনেন্টগুলি পরীক্ষা।</li> <li>২. সিস্টেমের কম্পোনেন্ট সার্ভিস বা প্রতিস্থাপন করুন</li> </ol>
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> <li>১. আলোচনা (Discussion)</li> <li>২. উপস্থাপন (Presentation)</li> <li>৩. প্রদর্শন (Demonstration)</li> <li>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)</li> <li>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)</li> <li>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)</li> <li>৭. সমস্যা সমাধান (Problem Solving)</li> <li>৮. মাথাখাটানো (Brainstorming)</li> </ol>
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> <li>১. লিখিত অভীক্ষা (Written Test)</li> <li>২. প্রদর্শন (Demonstration)</li> <li>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)</li> <li>৪. পোর্টফলিও (Portfolio)</li> </ol>

**শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -২: গ্যাসোলিন ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করা**

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে	১. ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “গ্যাসোলিন ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করা” শেখার উপকরণ প্রদান করবেন
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ২ : গ্যাসোলিন ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করা
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন জব শিট ২.১: কনভেনশনাল গ্যাসোলিন ইঞ্জিনের ফুয়েল সিস্টেম কম্পোনেন্টগুলি পরীক্ষা। স্পেসিফিকেশন শিট ২.১: কনভেনশনাল গ্যাসোলিন ইঞ্জিনের ফুয়েল সিস্টেম কম্পোনেন্টগুলি পরীক্ষা। জব শিট ২.২: সিস্টেমের কম্পোনেন্ট সার্ভিস বা প্রতিস্থাপন করুন স্পেসিফিকেশন শিট ২.২: সিস্টেমের কম্পোনেন্ট সার্ভিস বা প্রতিস্থাপন করুন

## ইনফরমেশন শীট (Information Sheet) ২: গ্যাসোলিন ইঞ্জিনের কনভেনশনাল ফুয়েল সিস্টেম সার্ভিস করা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে

- ২.১ কনভেনশনাল গ্যাসোলিন ফুয়েল সিস্টেমের বিবরণ
- ২.২ গ্যাসোলিন ফুয়েল সিস্টেমের প্রকারভেদ (পেট্রোল, এলপিজি, এলএনজি ও সিএনজি)
- ২.৩ কনভেনশনাল গ্যাসোলিন ফুয়েল সিস্টেমের কম্পোনেন্ট
- ২.৪ কম্পোনেন্টগুলির কার্যাবলী
- ২.৫ কনভেনশনাল গ্যাসোলিন ইঞ্জিনের ফুয়েল সিস্টেমের ফল্টসমূহ ও প্রতিকার।

### ২.১ কনভেনশনাল গ্যাসোলিন ফুয়েল সিস্টেমের বিবরণ

যে পদ্ধতির মাধ্যমে গ্যাসোলিন (পেট্রোল, এলপিজি, এলএনজি ও সিএনজি) ইঞ্জিনের জ্বালানী চাহিদা মোতাবেক ইনটেক মেনিফোল্ডে প্রবেশ করে, সেখানে পরিমিত বাতাসের সঙ্গে মিশে মিশ্রণ প্রস্তুত হয় এবং ইঞ্জিনের গ্রহন স্ট্রোকে সিলিন্ডারে প্রবেশ করে এবং স্পার্ক প্লাগের স্কুলিংগের দ্বারা নির্দিষ্ট সময়ে দহন ঘটিয়ে শক্তি উৎপাদন করা হয়।

### ২.২ গ্যাসোলিন ফুয়েল সিস্টেমের প্রকারভেদ (পেট্রোল, এলপিজি, এলএনজি ও সিএনজি)

- ক. **পেট্রোল ফুয়েল সিস্টেম:** যে পদ্ধতির মাধ্যমে পেট্রোল ইঞ্জিনের জ্বালানী চাহিদা মোতাবেক কার্বুরেটরে প্রবেশ করে, সেখানে পরিমিত বাতাসের সঙ্গে মিশে মিশ্রণ প্রস্তুত হয় এবং ইঞ্জিনের গ্রহন স্ট্রোকে সিলিন্ডারে প্রবেশ করে এবং স্পার্ক প্লাগের স্কুলিংগের দ্বারা নির্দিষ্ট সময়ে দহন ঘটিয়ে শক্তি উৎপাদন করা হয় সেটিই পেট্রোল ইঞ্জিনের জ্বালানী পদ্ধতি।
- খ. **এলপিজি ফুয়েল সিস্টেম:** এলপিজি (LPG) লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (Liquefied petroleum gas), (LPG অথবা LP গ্যাস)। এলপিজি তিন বা চারটি কার্বন পরমাণুযুক্ত হাইড্রোকার্বন দ্বারা গঠিত। এলপিজির সাধারণ উপাদানগুলি হলো প্রোপেন (C<sub>3</sub>H<sub>8</sub>) এবং বিউটেন (C<sub>4</sub>H<sub>10</sub>) এর মিশ্রণ। সাধারণ তাপমাত্রা এবং চাপে এটি মূলত গ্যাস কিন্তু যখন ঠান্ডা হয়ে যায় বা চাপের মধ্যে রাখা হয়, তখন এটি তরলে পরিবর্তিত হয়। সিলিন্ডার ব্যবহার করে তরল পদার্থটি ভর্তি করা হয়। জ্বালানী হিসেবে রন্ধন কাজে, গাড়ি ও অন্যান্য কাজে ব্যবহার হয় বলে এই গ্যাসকে অটোগ্যাসও বলা হয়।
- গ. **এলএনজি ফুয়েল সিস্টেম:** এলএনজি আলাদা কোন জ্বালানী নয়, আদতে এটি প্রাকৃতিক গ্যাসেরই তরল রূপ। প্রাকৃতিক গ্যাস সাধারণ চাপ ও তাপমাত্রায় গ্যাসীয় অবস্থায় থাকে। শীতলকরণ প্রযুক্তির মাধ্যমে প্রাকৃতিক গ্যাসের তাপমাত্রা কমিয়ে -১৬০ ডিগ্রী সেলসিয়াসে নামিয়ে আনলে গ্যাস তরলে পরিণত হয়। এই তরল প্রাকৃতিক গ্যাসকেই এলএনজি বলা হয়।
- ঘ. **সিএনজি ফুয়েল সিস্টেম:** সিএনজি (CNG) এর অর্থ হচ্ছে Compressed Natural Gas বা সংকুচিত প্রাকৃতিক গ্যাস যা রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস দ্বারা তৈরি জ্বালানী হাইড্রোকার্বনের একটি সংমিশ্রণ মূলত মিথেন (CH<sub>4</sub>) দ্বারা গঠিত। এতে প্রায় ৮০%-৯০% গ্যাসীয় মিথেন ধারণ করে। এই গ্যাসকে চাপের মাধ্যমে তরলে পরিণত করে তা গ্যাস ট্যাংকে জমা করা হয়। এর ঘনত্ব হালকা হওয়ায় ইহাকে ২০০ কেজি/সে.মি.২ থেকে ২৫০ কেজি/সে.মি.২ চাপে সংকুচিত করা হয় বা ২০-২৫ Mpa (১ মেগা প্যাসকেল= ১৪৫.০৩৮ PSI , বা 1 Mpa=10 Bar) বা ২৯০০-৩৬০০ PSI বা ২০-২৫ Bar চাপে গ্যাস লাইনের মাধ্যমে সংরক্ষণ করা হয়

নলাকার বা গোলাকৃতি আকারের সিলিন্ডারে এবং বিতরণ করা হয়। এই প্রাকৃতিক গ্যাস বর্ণহীন, গন্ধহীন, দুশমনমুক্ত কিন্তু দাহ্য এবং বায়ু থেকে হালকা।

## ২.৩ কনভেনশনাল গ্যাসোলিন ফুয়েল সিস্টেমের কম্পোনেন্ট

### পেট্রোল ফুয়েল সিস্টেমের কম্পোনেন্ট সমূহ নিম্নরূপ

- ফুয়েল ট্যাংক (Fuel Tank)
- ফুয়েল ফিল্টার (Fuel Filter)
- এসি ফুয়েল পাম্প (AC Fuel Filter)
- কার্বুরেটর (Carburator)
- ইনটেক মেনিফোল্ড (Intake Manifold)
- ফুয়েল গেজ (Fuel Gauge)
- ফুয়েল লাইন (Fuel Line)

### এলপিগিজ ফুয়েল সিস্টেমের কম্পোনেন্ট সমূহ নিম্নরূপ

- গ্যাস সিলিন্ডার (Gas Cylinder)
- রিফুয়েলিং ইউনিট (Refueling Unit)
- এলপিগিজ সলিনয়েড ভালভ (LPG Solinoid Valve )
- গ্যাস ফিল্টার (Gas Filter)
- সিলেক্টর সুইচ (Selector Switch)
- গ্যাস ইসিইউ (Gas ECU)
- প্রেসার গেজ (Pressure Gauge)
- ফিলিং ভালভ (Filing Valve)
- এলপিগিজ ভেপোরাইজার (LPG Vaporizer)

### এলএনজি ফুয়েল সিস্টেমের কম্পোনেন্ট সমূহ নিম্নরূপ

- ব্যাটারি (Battery)
- ইলেকট্রনিক কন্ট্রোল মডিউল (ECM)
- ফুয়েল ইনজেকশন সিস্টেম (Fuel Injection System)
- ফুয়েল লাইন (Fuel Line)
- ফুয়েল ট্যাংক (Fuel Tank)

### সিএনজি ফুয়েল সিস্টেমের কম্পোনেন্ট সমূহ নিম্নরূপ

- গ্যাস সিলিন্ডার (Gas Cylinder)
- শাট অফ ভালভ (Shut of Valve)
- সিএনজি সলিনয়েড ভালভ (CNG Solenoid Valve)
- পেট্রোল সলিনয়েড ভালভ (Petrol Solenoid Valve)
- রিফুয়েলিং ইউনিট (Refueling Unit)
- মাইক্রো সুইচ (Micro Switch)
- মিকচার ইউনিট (Mixture Unit)
- সিলেক্টর সুইচ (Selector Switch)
- প্রেসার গেজ (Pressure Gauge)




## ২.৪ কম্পোনেন্টগুলির কার্যাবলী

### পেট্রোল ফুয়েল সিস্টেমের কম্পোনেন্টগুলির কার্যাবলী নিম্নরূপ


পেট্রোল ফুয়েল সিস্টেমের নাম ও কাজ	চিত্র
<p><b>ফুয়েল ট্যাংক (Fuel Tank):</b> এটি ফুয়েল জমা রাখার পাত্র বিশেষ। একে ইঞ্জিন হতে দূরে নিরাপদ স্থানে রাখা হয়। ছোট মোটরযানের ক্ষেত্রে সাধারণত ইঞ্জিন যে দিকে থাকে তার বিপরীত দিকে অর্থাৎ সামনের দিকে থাকলে, ফুয়েল ট্যাংক পিছনের দিকে ফ্রেমের সাথে স্টীলের পাত দ্বারা আটকানো থাকে। আবার ইঞ্জিন পিছনে থাকলে ফুয়েল ট্যাংক সামনের দিকে থাকে। আর বড় মোটরযানের ক্ষেত্রে এটি সাধারণত ফ্রেমের মাঝামাঝি স্থানে থাকে। আবার গ্র্যাভিটি ফিড সিস্টেমে ফুয়েল ট্যাংক ইঞ্জিন হতে উপরের দিকে নিরাপদ কোনো স্থানে স্থাপন করা হয়।</p>	
<p><b>ফুয়েল ফিল্টার (Fuel Filter):</b> জ্বালানি সরবরাহে লাইনের মুখে একটি ছাঁকনি ব্যবহার করা হয়। তথাপি ফুয়েল পাম্প কার্বুরেটর ও ইঞ্জিনে যাতে ময়লা বা নোংরা জিনিস প্রবেশ করতে না পারে তার জন্য ফুয়েল লাইনে একটি অতিরিক্ত ফিল্টার ব্যবহার করা হয়। সাধারণত ফুয়েল ট্যাংক ও পাম্পের মাঝামাঝি স্থানে ফিল্টারকে সংযুক্ত করা হয়।</p>	
<p><b>এসি ফুয়েল পাম্প ( AC Fuel Pump):</b> এসি ফুয়েল পাম্প কে অটোমেটিক্যালি কন্ট্রোলড ফুয়েল পাম্প বলা হয়। এটি কার্বুরেটর ও ফুয়েল ট্যাংকের মাঝে সংযুক্ত থাকে। এর প্রধান কাজ হচ্ছে প্রয়োজন মত ট্যাংক হতে জ্বালানি টেনে এনে কার্বুরেটরে সরবরাহ করা। এটি প্রায় ০.২ কেজি/বর্গ সেঃমিঃ হতে ০.৫ কেজি/বর্গ সেঃমিঃ চাপে ফুয়েলকে কার্বুরেটরে সরবরাহ করে। এই পাম্প কার্বুরেটরে ফুয়েল সরবরাহ একটি নির্দিষ্ট মাত্রায় পৌঁছার সাথে সাথেই এই পাম্প আর ফুয়েল সরবরাহ করে না। আর এই কারণেই একে অটোমেটিক্যালি কন্ট্রোলড ফুয়েল পাম্প বলে।</p>	
<p><b>কার্বুরেটর (Carburetor):</b> এটি একটি মিশ্রণ যন্ত্র বিশেষ, যা ইঞ্জিনের বিভিন্ন চলমান অবস্থায় ইঞ্জিনের চাহিদা বা প্রয়োজন অনুযায়ী বিভিন্ন অনুপাতে বাতাস ও জ্বালানি মিশ্রণ তৈরি করে। এই মিশ্রণ তৈরি করার জন্য কার্বুরেটর প্রথমে জ্বালানিকে ভেঙে এ্যাটোমাইজ করে এবং পরে ভ্যাপোরাইজ করে প্রয়োজনীয় পরিমাণমত বাতাসের সাথে মিশ্রণ তৈরি করে। এছাড়াও কার্বুরেটর এর ফ্লোট চেম্বারে সামান্য পরিমাণ জ্বালানিকে নির্দিষ্ট মাত্রায় জমা রাখে।</p>	

<p><b>ইনটেক মেনিফোল্ড ( Intake Manifold):</b> ইহা কতকগুলো রোলার সমন্বয়ে তৈরি একটি টিউব সেট বিশেষ। প্রধানত কাস্ট আয়রন বা অ্যালুমিনিয়াম শঙ্কর ধাতুর তৈরি হয়ে থাকে। এর প্রধান কাজ হচ্ছে যে, পেট্রোল ইঞ্জিনের ক্ষেত্রে, কার্বুরেটর হতে বাতাস ও জ্বালানির মিশ্রণকে গ্রহণ করে ইঞ্জিন সিলিন্ডারে পৌঁছে দেয়া। আর ডিজেল ইঞ্জিনের ক্ষেত্রে এয়ার ক্লিনার হতে শুধুমাত্র পরিষ্কার বাতাসকে গ্রহণ করে ইঞ্জিন সিলিন্ডারে পৌঁছে দেয়া। ইন-লাইন ইঞ্জিনের ক্ষেত্রে ইনটেক মেনিফোল্ড সিলিন্ডার হেডের পাশে সংযুক্ত থাকে। আর ডি-ইঞ্জিনের ক্ষেত্রে ইঞ্জিনের উপরে সিলিন্ডারের দুই সারির মাঝখানে সংযুক্ত থাকে।</p>	
<p><b>ফুয়েল গেজ (Fuel Gauge):</b> এটি ফুয়েল ট্যাংকে কি পরিমাণ ফুয়েল জমা আছে তা নির্দেশ করে। সাধারণতঃ ফুয়েল গেজে দুইটি অংশ থাকে। একটি অংশ ফুয়েল ট্যাংকের ভিতরে থাকে, এই অংশটিকে ট্যাংক ইউনিট বলে। আর অপর অংশটি গাড়ির ড্যাস বোর্ডে থাকে, কাজেই এই অংশটিকে ড্যাস ইউনিট বলে। ইউনিট দুটির মধ্যে বৈদ্যুতিক সংযোগ থাকে। ফুয়েল গেজ সাধারণত দুই প্রকার হয়ে থাকে।</p>	
<p><b>ফুয়েল লাইন (Fuel Line):</b> ফুয়েল সরবরাহ করার জন্য ব্যবহার করা হয়। পেট্রোল ইঞ্জিনের জ্বালানি লাইনগুলো টিউব আকৃতির, সাধারণত স্টিলের, তামা বা পিতলের তৈরি হয়ে থাকে।</p>	



### এলপিগিজ ফুয়েল সিস্টেমের কম্পোনেন্টগুলির কার্যাবলী নিম্নরূপ


এলপিগিজ ফুয়েল সিস্টেমের নাম ও কাজ	চিত্র
<p><b>গ্যাস সিলিন্ডার (Gas Cylinder) :</b> গ্যাস সিলিন্ডার হল বায়ুমণ্ডলীয় চাপে গ্যাসগুলি সংরক্ষণ এবং ধারণ করার জন্য একটি চাপের পাত্র। উচ্চ-চাপের গ্যাস সিলিন্ডারকে বোতল ও বলা হয়।</p>	
<p><b>রিফুয়েলিং ইউনিট (Refueling Unit) :</b> ইহা ফাস্ট স্টেজ রিডাকশন ইউনিটে স্থাপিত। এই ইউনিটে একটি ফিলিং ক্যাপ থাকে। এই ইউনিটের মাধ্যমে সিলিন্ডারে গ্যাস ভরা হয়।</p>	
<p><b>এলপিগিজ সলিনয়েড ভালভ ( LPG Solinod Valve) :</b> ইহা ফিল্টার সহ এমন একটি বৈদ্যুতিক চৌম্বকীয় ডিভাইস যখন ইঞ্জিন পেট্রোল দ্বারা চলে বা বন্ধ হয়ে যায় তখন এলপিগিজ প্রবাহ বন্ধ করে ভেপোরাইজারে পৌঁছে যায়। আবার যখন ইঞ্জিন এলপিগিতে চলে গ্যাস তরল অবস্থায় ফিল্টারের মাধ্যমে চলে যায় ভেপোরাইজারে। গাড়ি বন্ধ হলে এই ভালভটি বন্ধ হয়ে যায়।</p>	

<p><b>গ্যাস ফিল্টার (Gas Filter):</b> ফিল্টারগুলি ইঞ্জিনের গুরুত্বপূর্ণ উপাদানগুলিকে রক্ষা করে, যেমন জ্বালানী ইনজেক্টর এবং নিয়ন্ত্রককে ক্ষতিকারক দূষক থেকে। যেহেতু ইনজেক্টর রেইল ফুয়েল প্রবাহের জন্য একটি সর্বাধিক সংবেদনশীল উপাদান তাই গ্যাস ফিল্টার, ভেপোরাইজার/রেগুলেটর এবং ইনজেক্টর রেইলের মধ্যে ইনস্টল করতে হবে। গ্যাস ফিল্টার এমনভাবে ক্ল্যাম্পিং করতে হবে যাতে ইঞ্জিনের অন্যান্য উপাদানগুলিতে কম্পনের প্রভাব এড়ানো যায়</p>	
<p><b>সিলেক্টর সুইচ (Selector Switch) :</b> এই সুইচের অপর নাম চেঞ্জ ওভার সুইচ বা কন্ট্রোল সুইচ। এই সুইচ গাড়ির সামনে ড্যাস বোর্ডের সাথে সংযুক্ত থাকে। সিএনজি গ্যাস এবং পেট্রোল ফুয়েল প্রবাহ নিয়ন্ত্রন করাই এই সুইচের প্রধান কাজ। কিছু সিলেক্টর সুইচ সিলিন্ডারে কি পরিমান গ্যাস আছে তাও নির্দেশ করে থাকে। এই সুইচ সাধারনত তিনটি অবস্থায় কাজ করে।</p>	
